

নতুন কবিতা

হাতের মুঠোয় তিনটে নদী ভাসে
ইচ্ছে হলেই এদেশ ও দেশ চলো
হঠাৎ যদি নৌকো ডোবে, জলে
উল্টোপথে, আকাশমুখী জুলো।

হাওয়ায় ভাসে জনপ্রিয় গাড়ি
গ্যারেজ ঘরের পালঙ্কে শোয় রাতে,
কালকে ছিল সবার সাথে আড়ি
আজকে আবার আঙন' আঙন ভাতে

উপচে পড়ে, পদ্য কাড়াকাড়ি
অল্পদূরে নবোশ্বরের ছেলে
লক্ষ রাখো পর্দাখোলা, খাটে
নাইছে জলে সু - বাম্বুর শাড়ি...

চন্দন চট্টোপাধ্যায়

